কালের কণ্ঠ
ঢাকা। শুক্রবার। ১৬ অক্টোবর ২০২৬
৩১ আশ্বিন ১৪৩৩। ৪ জমাদিউল আউয়াল ১৪৪৮

North South University Library ★1992★



রাজধানীতে বসুন্ধরা শুভসংঘ কেন্দ্রীয় কার্যালয়ে গত বুধবার মতবিনিময়সভায় অংশ নেন বসুন্ধরা গ্রুপের উপদেষ্টা ও বসুন্ধরা শুভসংঘের প্রধান প্রখ্যাত কথাসাহিত্যিক ইমদাদুল হক মিলন। ছবি : কালের কণ্ঠ

কেন্দ্রীয় কার্যালয়ে এনএসইউ সোশ্যাল সার্ভিসেস ক্লাবের সঙ্গে মতবিনিময়

- গাইবান্ধায় সাইবার নিরাপত্তাবিষয়ক সেমিনার
- ঢাকা কলেজে পরিচ্ছন্নতা অভিযান

কালের কণ্ঠ ডেস্ক ▷

সমাজের কল্যাণে তরুণদের আরো সক্রিয়ভাবে সম্পৃক্ত করা, স্বেচ্ছাসেবী কার্যক্রমকে গতিশীল করা এবং মানবিক কর্মকাণ্ডে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে রাজধানীতে বসুন্ধরা শুভসংঘ কেন্দ্রীয় কার্যালয়ে নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) সোশ্যাল সার্ভিসেস ক্লাবের সদস্যদের নিয়ে মতবিনিময়সভা অনুষ্ঠিত হয়েছে। এ ছাড়া সংগঠনটির উদ্যোগে সাইবার নিরাপত্তায় সচেতনতা বাড়াতে গাইবান্ধায় সেমিনার এবং ডেঙ্গু প্রতিরোধে ঢাকা কলেজে পরিচ্ছন্নতা অভিযান অনুষ্ঠিত হয়েছে। বিস্তারিত প্রতিনিধিদের খবরে–

কেন্দ্রীয় কার্যালয় : গত বুধবার বসুন্ধরা শুভসংঘের কার্যালয়ে আয়োজিত মতবিনিময়সভায় সামাজিক ও মানবিক কার্যক্রম, তরুণদের নেতৃত্ব বিকাশ, স্বেচ্ছাসেবী উদ্যোগ এবং সমাজের সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানোসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়। উপস্থিত ছিলেন বসুন্ধরা গ্রুপের উপদেষ্টা ও বসুন্ধরা শুভসংঘের প্রধান প্রখ্যাত কথাসাহিত্যিক ইমদাদুল হক মিলন ও বসুন্ধরা শুভসংঘের পরিচালক জাকারিয়া জামান। এনএসইউ সোশ্যাল সার্ভিসেস ক্লাবের প্রতিনিধি হিসেবে ছিলেন হুমায়রা ইকবাল অহনা, তায়মুনা বিনতে শামস, নাজিফা উলফাত ফারিহা, তাসনিয়া রহমান আফরিন, তনয় পাল, তাজিম, ফুয়াদ, নাবিল প্রমুখ।

ইমদাদুল হক মিলন তরুণদের সামাজিক কর্মকাণ্ডে সম্পৃক্ত হওয়ার গুরুত্ব তুলে ধরে বলেন, 'মানুষের পাশে দাঁড়ানো, অসহায়দের সহযোগিতা করা এবং সমাজের বিভিন্ন সমস্যা সমাধানে তরুণদের এগিয়ে আসার মধ্য দিয়েই একটি মানবিক সমাজ গড়ে তোলা সম্ভব। স্বেচ্ছাসেবী কর্মকাণ্ড তরুণদের মানুষের কাছাকাছি নিয়ে যায় এবং তাদের মধ্যে দায়িত্ববোধ ও মানবিক মূল্যবোধ গড়ে তোলে।'

গাইবান্ধা : শিক্ষার্থীদের মধ্যে সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনতা বৃদ্ধি এবং ইন্টারনেট ব্যবহারে সতর্কতা তৈরির লক্ষ্যে গাইবান্ধায় সেমিনার করেছে বসুন্ধরা শুভসংঘের জেলা শাখা। গতকাল বৃহস্পতিবার গাইবান্ধা সরকারি মহিলা কলেজে আয়োজিত এই সেমিনারে প্রায় ৩০০ শিক্ষার্থী অংশ নেয়।

সেমিনারে প্রধান অতিথি ও মুখ্য আলোচক হিসেবে বক্তব্য দেন গাইবান্ধার অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মো. শরীফ আল রাজীব, পিপিএম। বিশেষ অতিথি ছিলেন প্রবীণ সাংবাদিক কে এম রেজাউল হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাইবান্ধা সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক মো. শামসুল হক।

অতিরিক্ত পুলিশ সুপার মো. শরীফ আল রাজীব বলেন, 'বসুন্ধরা শুভসংঘের এই উদ্যোগটি বর্তমান সময়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিক্ষার্থীদের সাইবার নিরাপত্তা সম্পর্কে জানা ও সচেতন হওয়া জরুরি।'

ঢাকা কলেজ : পরিচ্ছন্ন ক্যাম্পাস গড়ে তোলা ও ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বাড়ানোর লক্ষ্যে কলেজে দিনব্যাপী পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করেছে বসুন্ধরা শুভসংঘ ঢাকা কলেজ শাখা। গত মঙ্গলবার এই কর্মসূচিতে ক্যাম্পাসের বিভিন্ন স্থানে জমে থাকা ময়লা-আবর্জনা অপসারণ, পুকুর ও ড্রেন পরিষ্কার এবং মশার প্রজননস্থল ধ্বংসের উদ্যোগ নেন সংগঠনটির সদস্যরা। পাশাপাশি শিক্ষার্থীদের মধ্যে ডেঙ্গু প্রতিরোধে করণীয় সম্পর্কে সচেতনতা তৈরিতে লিফলেট বিতরণ করা হয়। কর্মসূচিতে বক্তব্য দেন বসুন্ধরা শুভসংঘ ঢাকা কলেজ শাখার সভাপতি মাহমুদুল হাসান শোভন ও সাধারণ সম্পাদক মো. এমদাদুল হক।